

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৫৭

১/ বিবিধ

আরবী

إن الله غير معذبك (يعني فاطمة رضي الله عنها) ولا ولدها  
ضعيف

أخرجه الطبراني (3 / 131 / 2) حدثنا أحمد بن بهرام الإيجي، أخبرنا محمد بن  
مرزوق، حدثنا إسماعيل بن موسى بن عثمان الأنصاري، سمعت صيفي بن ربي  
يحدث عن عبد الرحمن بن الغسيل عن عكرمة عن ابن عباس مرفوعا  
وقد أورده السيوطي في " اللآليء " (1 / 402) شاهدا للحديث الذي قبله وسكت عنه،  
وقال الهيثمي في " المجمع " (9 / 202) : رواه الطبراني ورجاله ثقات وأقره ابن عراق  
في " تنزيه الشريعة " (1 / 417)  
قلت: وفيه نظر من وجوه

الأول: أن إسماعيل هذا لم يوثقه غير ابن حبان، وقد ذكرنا مرارا أن توثيقه إذا تفرد  
غير موثوق، ولا سيما إذا خالفه غيره كما هنا، فقد قال ابن أبي حاتم (1 / 1 / 196)  
عن أبيه: إنه مجهول

الثاني: أن محمد بن مرزوق وإن خرج له مسلم ففيه لين كما قال ابن عدي  
الثالث: أن الإيجي هذا أورده السمعي في " الأنساب " فقال: روى عن محمد بن  
مرزوق، روى عنه الطبراني، وسمع منه بإيج، ولم يذكر فيه جرحا ولا تعديلا والله  
أعلم، ثم شككت في كون ابن عثمان الأنصاري هو الذي وثقه ابن حبان، لأنه ذكره في  
(أتباع التابعين) (6 / 43) ، وهذا كما ترى دونه بحيث أدركه محمد بن مرزوق شيخ

## مسلم، ثم هو لم يجاوز في نسبه أباه موسى الأنصاري، فإله أعلم

বাংলা

৪৫৭। অবশ্যই আল্লাহ তোমাকে [অর্থাৎ ফাতিমা (রাঃ) কে] শাস্তি দিবেন না এবং তার সন্তানকেও নয়।

হাদীসটি দুর্বল।

এটি তাবারানী (৩/১৩১/২) বর্ণনা করেছেন। তার সূত্রে ইসমাইল ইবনু মুসা, মুহাম্মাদ ইবনু মারযুক এবং ঈযাজী রয়েছে। সুযুতী "আল-লাআলী" গ্রন্থে (১/৪০২) হাদীসটিকে পূর্বের হাদীসের শাহেদ হিসাবে উল্লেখ করেছেন এবং চুপ থেকেছেন। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৯/২০২) বলেছেনঃ তার (তাবারানীর) বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। ইবনু আররাক "তানযীলুশ শারীয়াহ" গ্রন্থে (১/৪১৭) তা সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটিতে বহুবিধ সমস্যা রয়েছেঃ

- ১। ইসমাইলকে ইবনু হিব্বান ছাড়া অন্য কেউ নির্ভরযোগ্য বলেননি। তার নির্ভরযোগ্য বলা গ্রহণযোগ্য নয়। বিশেষ করে যখন অন্যরা তার বিরোধিতা করেছেন, যেমনভাবে এখানে ইবনু আবী হাতিম তার পিতার উদ্ধৃতিতে বলেছেনঃ তিনি মাজলুল (অপরিচিত)।
- ২। মুহাম্মাদ ইবনু মারযুক; যদিও ইমাম মুসলিম তার থেকে বর্ণনা করেছেন তবুও তার মধ্যে লাইয়েনুন (দুর্বলতা) রয়েছে; যেমনভাবে ইবনু আদী বলেছেন।
- ৩। ঈযাজী; সাম'আনী তাকে উল্লেখ করেছেন। অতঃপর তার সম্পর্কে ভাল মন্দ কিছুই বলেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68042>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন